# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 17-03-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) SIR-এর আওতায় এডজুডিকেশন তালিকায় থাকা ২০ লক্ষেরও বেশি ভোটারের সাপ্লিমেন্টারী তালিকা চলতি সপ্তাহেই বের করা হতে পারে বলে নির্বাচন কমিশনের তরফে আশ্বাস দেওয়া হয়েছে।

২) নির্বাচন কমিশন আজ রাজ্যে ১৯ জন শীর্ষ পুলিশ আধিকারিককে বদলির নির্দেশ দিয়েছে।

৩) তৃণমূল কংগ্রেস আজ রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রার্থী তালিকা ঘোষণা করেছে। এদের মধ্যে ৫২ জন মহিলা প্রার্থী রয়েছেন।

প্রার্থী তালিকা ঘোষণার পরই বিজেপি বলেছে, তৃণমূল কংগ্রেসের পরাজয়ের কাউন্টডাউন শুরু হয়েছে গেছে।

৪) পশ্চিমবঙ্গ সহ চারটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের আসন্ন বিধানসভা নির্বাচন এবং ছটি রাজ্যের উপনির্বাচনের জন্য মোট ১ হাজার ১১১ জন কেন্দ্রীয় পর্যবেক্ষক নিয়োগ করা হচ্ছে।

৫) রাজ্যে বিধানসভা নির্বাচনের অজুহাত দেখিয়ে পূর্ব কলকাতা জলাভূমিকে বেআইনি দখলমুক্ত করার কাজ যেন আটকানো না হয় কলকাতা হাইকোর্ট সেব্যপারে কঠোর নির্দেশ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

SIR-এর আওতায় এডজুডিকেশন তালিকায় থাকা ২০ লক্ষেরও বেশি ভোটারের নিস্পত্তি হয়েছে। চলতি সপ্তাহেই সাপ্লিমেন্টারী তালিকা বের করা হতে পারে বলে নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন। হাইকোর্টে আজ SIR সংক্রান্ত বৈঠক শেষে তিনি আরো জানান, বিচারাধীন তালিকায় থাকা যে সমস্ত ভোটারের নাম বাদ পড়বে তাদের আবেদন শোনার জন্য সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী ট্রাইবুনাল গঠনের ব্যাপারে বৈঠকে আলোচনা হয়েছে। যে সব বিচারকদের নিয়ে এই ট্রাইব্যুনাল গঠন করা হবে তাদের নাম কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল নির্বাচন কমিশনকে জানাবেন।

(বাইট – সুব্রত গুপ্ত)

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানান, পূর্ণাঙ্গ তালিকা প্রকাশের লক্ষে অত্যন্ত দ্রুত গতিতে কাজ চলছে।

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের নেতৃত্বে আয়োজিত
বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের নব নিযুক্ত মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালা, রাজ্য পুলিশের নতুন মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা, কলকাতার নব নিযুক্ত পুলিশ কমিশনার অজয় কুমার নন্দ, স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ প্রমুখ ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন আজ রাজ্যে ১৯ জন শীর্ষ পুলিশ আধিকারিককে বদলির নির্দেশ দিয়েছে। এডিজি দক্ষিণবঙ্গ, উত্তরবঙ্গ সহ বিভিন্ন জেলার পুলিশ সুপার ও

পুলিশ কমিশনারকে বদলি করা হয়েছে। এডিজি দক্ষিণবঙ্গ হিসেবে নিযুক্ত করা হয়েছে, ডক্টর রাজেশ কুমার সিং-কে । এডিজি উত্তরবঙ্গের দায়িত্ব দেওয়া হয়েছে কে জয়া রমনকে।

একই সঙ্গে আসানসোল – দুর্গাপুর পুলিশ কমিশনার হিসেবে ডক্টর প্রণব কুমার, হাওড়ার পুলিশ কমিশনার হিসেবে অখিলেশ কুমারকে নিযুক্ত করা হয়েছে।

অমিত কুমার সিং-কে ব্যারাকপুরের পুলিশ কমিশনার ও সুনীল কুমার যাদবকে চন্দননগরের পুলিশ কমিশনারের দায়িত্ব দেওয়া হয়েছে।

এদিকে, ইন্দিরা মুখোপাধ্যায়কে কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল পদ থেকে সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন।

অবিলম্বে এই নির্দেশ কার্যকর করতে এবং এসংক্রান্ত রিপোর্ট আগামীকাল সকাল ১১-টার মধ্যে জমী দিতে বলেছে কমিশন।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ সহ চারটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের আসন্ন বিধানসভা নির্বাচন এবং ছটি রাজ্যের উপনির্বাচনের জন্য মোট ১ হাজার ১১১ জন কেন্দ্রীয় পর্যবেক্ষক নিয়োগ করা হচ্ছে। এর মধ্যে এরাজ্যে সবচেয়ে বেশি সংখ্যক সাধারণ পর্যবেক্ষক মোতায়েন করে নির্বাচন কমিশন। রাজ্যের ২৯৪টি বিধানসভা কেন্দ্রের জন্য ২৯৪ জন সাধারণ পর্যবেক্ষক থাকছেন। পাশাপাশি থাকবেন ৮৪ জন পুলিশ পর্যবেক্ষক এবং নির্বাচনী খরচের উপর নজরদারির জন্য ১০০ জন ব্যয় পর্যবেক্ষক।

নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে, পশ্চিমবঙ্গ, আসাম, কেরালা, তামিলনাড়ু ও পুদুচেরির বিধানসভা নির্বাচন এবং ছয়টি রাজ্যের উপনির্বাচন মিলিয়ে মোট ৫৫৭ জন সাধারণ পর্যবেক্ষক, ১৮৮ জন পুলিশ পর্যবেক্ষক এবং ৩৬৬ জন ব্যয় পর্যবেক্ষক দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রগুলিতে এই পর্যবেক্ষকদের আগামী ১৮ মার্চের মধ্যেই পৌঁছে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। যদিও এরাজ্যের পুলিশ পর্যবেক্ষকরা আজ থেকেই আসতে শুরু করেছেন। সংশ্লিষ্ট কেন্দ্রে পৌঁছে পর্যবেক্ষকেরা তাঁদের সঙ্গে

যোগাযোগের বিস্তারিত তথ্য প্রকাশ করবেন, যাতে যেকোনও প্রয়োজনে পর্যবেক্ষকদের সাহায্য পেতে পারেন সকলে। পাশাপাশি প্রতিদিন নির্দিষ্ট সময়ে প্রার্থী, রাজনৈতিক দল বা সাধারণ মানুষের কাছ থেকে নির্বাচন সংক্রান্ত অভিযোগ ও সমস্যা শোনার ব্যবস্থাও রাখা হবে।

এদিকে, পর্যবেক্ষকদের আরো ভালোভাবে ব্যবহার করতে এইবার প্রথম বিশেষ অবজারভার সেল চালু করা হচ্ছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন। একজন আইএএস আধিকারিক এবং চারজন উচ্চপদস্থ ডব্লিউবিসিএস আধিকারিককে নিয়ে তৈরি হচ্ছে ৫ সদস্যের এই বিশেষ সেল। ২৯৪ বিধানসভা আসনে সার্বিকভাবে ভোট প্রক্রিয়াকে রিয়েল টাইম মনিটারিং করার পাশাপাশি পর্যবেক্ষকদের কাজের পর্যালোচনা করা এবং প্রত্যেক বুথে ওয়েবকাস্টিং নিশ্চিত করতে এই সেল কাজ করবে।

oooooooooooooooooooooooo

কলকাতায় অবাধ ও স্বচ্ছ নির্বাচন পরিচালনায় তাঁর এবং তাঁর বাহিনীর প্রধান লক্ষ্য বলে নতুন পুলিশ কমিশনার অজয় কুমার নন্দ জানিয়েছেন। আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, পুলিশ কলকাতার মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে বদ্ধ পরিকর।

(বাইট – অজয় নন্দ)

oooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন, অবসরের পর পুনরায় নিযুক্ত আধিকারিকদের বিস্তারিত তালিকা চেয়ে রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। বর্তমানে রাজ্য সরকারের বিভিন্ন দফতরের সঙ্গে যুক্ত প্রাক্তন আই এ এস এবং আইপিএস আধিকারিকদের তথ্যও চাওয়া হয়েছে বলে প্রশাসনিক সূত্রে খবর। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরকে পাঠানো ওই চিঠিতে যত দ্রুত সম্ভব এসংক্রান্ত রিপোর্ট দিতে নির্দেশ দেওয়া হয়েছে। এরপরই রাজ্যের প্রতিটি দফতর নিজস্ব এবং ডায়রেক্টরেটগুলিতে

'এক্সটেনশন'-এ কর্মরত অবসরপ্রাপ্ত আধিকারিকদের তালিকা তৈরির কাজ শুরু করেছে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস আজ রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রার্থী তালিকা ঘোষণা করেছে। তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তাঁর কালীঘাটের বাড়ি থেকে, পাহাড়ের তিনটি আসন অনীত থাপার দল ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চাকে ছেড়ে দিয়ে বাকি ২৯১টি আসনে দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ভবানীপুর কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। বিজেপি এই কেন্দ্রে প্রার্থী করেছে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে।

৭৪ জন বর্তমান বিধায়ককে এবার প্রার্থী করা হয়নি। ১৩৫ জন বিধায়ক তাদের পুরনো কেন্দ্র থেকেই প্রতিদ্বন্দ্বিতা করবেন। ১৫ জন বিধায়কের আসন পরিবর্তন করা হয়েছে।

সাংবাদিক বৈঠকে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ও সভাপতি সুব্রত বক্সিকে পাশে নিয়ে তৃণমূল কংগ্রেস নেত্রী জানান, শিল্প,সংস্কৃতি, বুদ্ধিজীবী, ক্রীড়া জগতের বিশিষ্টজন সহ সব ক্ষেত্রে মানুষকে প্রার্থী তালিকায় স্থান দেওয়া হয়েছে।

(বাইট-মমতা)

দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকায় ৫২ জন মহিলা প্রার্থী, ৪৭ জন সংখ্যালঘু প্রতিনিধি রয়েছেন। রাজ্যে ৮৪টি বিধানসভা আসন তপশিলি জাতি-উপজাতির জন্য সংরক্ষিত থাকলেও ৭৮ জন তপশিলি জাতি এবং ১৭ জন উপজাতি প্রার্থী তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকায় স্থান পেয়েছেন।

উল্লেখযোগ্য অন্য প্রার্থীরা হলেন, ব্যারাকপুর কেন্দ্রে রাজ চক্রবর্তী, দমদম উত্তর কেন্দ্রে চন্দ্রিমা ভট্টাচার্য্য, দমদমে ব্রাত্য বসু, সাগরে বঙ্কিম চন্দ্র হাজরা, বিধাননগরে সুজিত বসু, কামারহাটিতে মদন মিত্র, কলকাতা বন্দরে ফিরহাদ হাকিম, উলুবেড়িয়া পূর্বে ঋতব্রত ব্যানার্জি এবং চুঁচুড়া থেকে দেবাংশু ভট্টাচার্য্য প্রমুখ।

নন্দীগ্রামে প্রার্থী করা হয়েছে পবিত্র কর-কে । তিনি পূর্ব মেদিনীপুরের বিজেপি-র তমলুক জেলা সংগঠনের সহ সভাপতি ছিলেন। আজই সকালে তৃণমূল কংগ্রেসে যোগ দেন এই নেতা। ওই কেন্দ্রেও বিজেপি প্রার্থী হয়েছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

রাজ্যে এবারের নির্বাচনে তৃণমূল কংগ্রেসের বিদায় নিশ্চিত বলে বিজেপি দাবি করেছে। তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকা ঘোষণা প্রসঙ্গে দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, তৃণমূল কংগ্রেসের পরাজয়ের কাউন্টডাউন শুরু হয়ে গেছে বলে ব্রিগেডের সভায় প্রধানমন্ত্রী জানিয়েছিলেন।

আসন্ন বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসের পরাজয় যে নিশ্চিত, শাসক দলের প্রার্থী তালিকা থেকে তা স্পষ্ট বলে মন্তব্য করেছেন বিজেপি-র রাজ্য সভার সাংসদ রাহুল সিনহা।

(বাইট – রাহুল সিনহা)

সি পি আই এম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সূজন চক্রবর্তী বলেছেন, নীতি অনুযায়ী নয়, নিজের পছন্দ অনুযায়ী মুখ্যমন্ত্রী প্রার্থী নির্বাচন করেন।

(বাইট – সূজন)

উল্লেখ্য, বিজেপি গতকালই আসন্ন বিধানসভা নির্বাচনে প্রথম দফায় ১৪৪ জন প্রার্থীর নাম ঘোষণা করে।

বামফ্রন্ট প্রথম দফায় ১৯২ জন প্রার্থীর তালিকা প্রকাশ করেছে।

এস ইউ সি আই কমিউনিস্ট ২৩০-টি আসনে প্রার্থী দিয়েছে।

ooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের অজুহাত দেখিয়ে পূর্ব কলকাতা জলাভূমিকে বেআইনি দখলমুক্ত করার কাজ যেন আটকানো না হয় কলকাতা হাইকোর্ট সেব্যপারে কঠোর নির্দেশ দিয়েছে। আজ এই সংক্রান্ত এক মামলায় কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছেন বেআইনি নির্মান ভেঙে পূর্বাবস্থায় ফিরিয়ে দিতে কেন্দ্রের পরিবেশ ও স্বরাষ্ট্র মন্ত্রক কিভাবে সহযোগিতা করতে পারে তা আগামী ৭ এপ্রিলের মধ্যে আদালতকে জানাতে হবে। উল্লেখ্য বিচারপতি সিনহা এর আগেই পূর্ব কলকাতা জলাভূমিতে ৫০৫ টি বেআইনি নির্মান চিহ্নিত করে সেগুলিকে অবিলম্বে ভাঙার নির্দেশ দেন। বিচারপতি এদিন পূর্ব কলকাতা জলাভূমি কতৃপক্ষকে সতর্ক করে দিয়ে বলেন, এই নির্দেশ কার্যকর করার ক্ষেত্রে রাজ্যে বিধানসভা নির্বাচন কোনো অজুহাত হতে পারেনা। কারণ এই মামলা ২০২৩ সাল থেকে বিচারাধীন। একাধিক বার এবিষয়ে নির্দেশ দেওয়া হয়েছে। ফলে নির্বাচনের অজুহাত দেওয়া হলে আদালত তা মানবে না।

ooooooooooooooooooooooo

সাহিত্য একাডেমি ২০২৫ সালের পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করেছে। বাংলায় কবি প্রসুন বন্দ্যোপাধ্যায়কে তাঁর 'শ্রেষ্ঠ কবিতা' বইটির জন্য পুরস্কার দেওয়া হচ্ছে।

সম্মান প্রাপ্তির খবর শোনার পর আকাশবাণীকে দেওয়া তাঁর প্রতিক্রিয়ায় শ্রী বন্দ্যোপাধ্যায় বলেন, এই বইতে তাঁর সৃষ্টির সেরাগুলিই সংকলিত হয়েছে।

(বাইট- প্রসুন বন্দ্যোপাধ্যায়)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গে এবারের বিষয় "কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির ভারত সফর এবং ভারত কানাডা দ্বিপাক্ষিক সম্পর্ক"। এই নিয়ে কানাডা প্রবাসী ভারতীয় বিজ্ঞানী ডঃ সৈকত বসুর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আজ শুনবেন প্রথম পর্ব। অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। দ্বিতীয় পর্ব শুনবেন আগামীকাল রাত সাড়ে নটায়।

০০০০০০০০০০০০০০০০০০০০

অনুকূল আবহাওয়া পরিস্থিতি এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় গতকাল থেকে রাজ্যজুড়ে বিক্ষিপ্তভাবে বৃষ্টির ফলে আজ সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রা দুটোই অনেকটা কমেছে।

আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৮ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ৫ দশমিক ২ ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে তিন দশমিক ৬ ডিগ্রি কম।

বৃষ্টির পরিমাণ আজ কিছুটা কমলেও শুক্রবার থেকে রাজ্যের সর্বত্রই  বৃষ্টির পরিমাণ আবার বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

0000000000000000000000000000000000000000

0000000000000000000000000000000000000000